স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), পাবনা

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) বাংলাদেশের বড় সরকারী প্রতিষ্ঠানগুলির একটি, যার উপর স্থানীয় পর্যায়ে পল্লী, নগর ও ক্ষুদ্রাকার পানি সম্পদ অবকাঠামো উন্নয়ন কর্মসূচীর পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের দায়িত্ব অর্পিত। প্রতিষ্ঠানটি প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়ায় সকল স্তরে জনগণের সক্রিয় অংশগ্রহণ ও বটম-আপ পরিকল্পনা নিশ্চিত করার জন্য স্থানীয় অংশীদারদের নিয়ে কাজ করে। এলজিইডির মূল উন্নয়ন কার্যক্রমের উদ্দেশ্য হলো অংশীদারদের দক্ষতা বৃদ্ধি ও স্থানীয় অবকাঠামোগত সেবা প্রদানের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়ন করা। স্থানীয় পর্যায়ে কর্মসংস্থানের সুযোগ সৃজনে এলজিইডি শ্রম-ঘন প্রযুক্তি প্রসারে অগ্রাধিকার প্রদান করে এবং যথাযথ গুণগতমান বজায় রেখে প্রকল্প বাস্তবায়ন করে সর্বোত্তম পর্যায়ে রাখার জন্য নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কাজে স্থানীয় উপকরণ ব্যবহার করে। এলজিইডি বিস্তৃত ও বহুমূখী কর্মসূচীতে যথা : সড়ক নির্মাণ, সেতু/ কালর্ভাট নির্মাণ, বাজার উন্নয়ন, নারীর ক্ষমতায়ন ও পরিবেশ সংরক্ষণে কাজ করে। এজন্য টেকসই অবকাঠামো এবং দারিদ্রবিমোচনের বিষয়টি লক্ষ্য রেখে পাবনা জেলায় স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ অবকাঠামোগত উন্নয়ন করছে। এর মধ্যে রয়েছে গ্রাম, ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে সড়ক উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ, সড়ক প্রশস্তকরণ এবং ব্রিজ ও কালভার্ট নির্মাণ। অন্যান্য কার্যক্রমের মধ্যে রয়েছে ব্রিজ ও কালভার্ট মেরামত, সাবমারসিবল সড়ক নির্মাণ, হাট/গ্রোথসেন্টার নির্মাণ এবং গ্রামীণ হাট-বাজার নির্মাণ। এছাড়াও ইউনিয়ন ও উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ, সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণ ও মেরামত, সামাজিক অবকাঠামো উন্নয়ন ইত্যাদি। এলজিইডি'র অধীনে পাবনা জেলায় মোট সড়কের পরিমাণ ৬৩১৭.৪৮কিলোমিটার। যার মধ্যে কাঁচা সড়কের পরিমাণ ৩৩৮৮.৩৪ কিলোমিটার ও পাকা সড়কের পরিমাণ ২৯২৯.১৪ কিলোমিটার। এ জেলায় মোট ৯৭.০২ কিলোমিটার উপজেলা সড়ক, ১৮৬.৬৩ কিলোমিটার ইউনিয়ন সড়ক এবং মোট ৩১০৪.৬৯ কিলোমিটার গ্রাম সড়ক কাঁচা রয়েছে। উপজেলা পর্যায়ে মোট ৬২১.৮৬ কিলোমিটার, ইউনিয়ন পর্যায়ে ৪৩২.৪২ কিলোমিটার এবং গ্রাম পর্যায়ে ১৮৭৪.৮৬ কিলোমিটার পাকা রাস্তা রয়েছে। এছাড়া এ জেলাতে মোট ৬৯৯২.৫৮ মিটার ব্রিজ/কালভার্ট নির্মাণ করা হয়েছে। সড়ক উন্নয়ন ও রক্ষণাবেক্ষণসহ অন্যান্য অবকাঠামোগত উন্নয়ন বাস্তবায়ন করার মাধ্যমে রূপকল্প ২০২১ ও ২০৪১ এবং টেকসই উন্নয়ন অভীষ্ট-২০৩০ বাস্তবায়নের জন্য এলজিইডি, পাবনা নিম্নবর্ণিত পরিকল্পনা প্রণয়ন করেছে।

## কর্মপরিকল্পনা

| সেক্টর | ভিশন | কার্যক্রম | এসডিজি-২০৩০ ও জাতীয় লক্ষ্যমাত্রার সংশ্লিষ্টতা | | | কর্মপরিকল্পনা | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | এসডিজি লক্ষ্যমাত্রা | জাতীয় লক্ষ্যমাত্রা ২০২১ | জাতীয় লক্ষ্যমাত্রা ২০৩০ | বর্তমান অবস্থা | স্বল্পমেয়াদি ২০১৮-২০২১ | মধ্যমেয়াদি ২০১৮-২০৩০ | দীর্ঘমেয়াদি ২০১৮-২০৪১ | |
| প্রকৌশল | গ্রামীণ ভৌত অবকাঠামো টেকসই উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ | ১। উপজেলা সড়ক উন্নয়ন | ৯.১ | - | - | ৯৭.০২কিঃমিঃ কাঁচা আছে | ৩০ কিঃমিঃ পাকা করা হবে | ৯৭.০২কিঃমিঃ পাকা করা হবে | -- কিঃমিঃ পাকা করা হবে | |
| | | ২। ইউনিয়ন সড়ক উন্নয়ন | ৯.১ | - | - | ১৮৬.৬৩কিঃ মিঃ কাঁচা আছে | ৬০ কিঃমিঃ পাকা করা হবে | ১৬০কিঃমিঃ পাকা করা হবে | ১৮৬.৬৩কিঃমিঃ পাকা করা হবে | |
| | | ৩। গ্রাম সড়ক উন্নয়ন | ৯.১ | - | - | ৩১০৪.৬৯কিঃ মিঃ কাঁচা আছে | ৩০০কিঃমিঃ পাকা করা হবে | ১৫০০কিঃমিঃ পাকা করা হবে | ৩১০৪.৬৯কিঃমিঃ পাকা করা হবে | |
| | | ৪। সাব-মারসিবল সড়ক নির্মাণ | ৯.১ | - | - | ৩০০.০০কিঃ মিঃ কাঁচা আছে | ২০ কিঃমিঃ নির্মাণ করা হবে | ২০০কিঃমিঃ নির্মাণ করা হবে | ৩০০কিঃমিঃ নির্মাণ করা হবে | |
| | | ৫। উপজেলা সড়ক রক্ষণাবেক্ষণ | ৯.১ | - | - | ৬২১.৮৬কিঃ মিঃ পাকা আছে | ১৫০কিঃমিঃ মেরামত করা হবে | ৪০০.০০কিঃমিঃ মেরামত করা হবে | ৬২১.৮৬ কিঃমিঃ মেরামত করা হবে | |
| | | ৬। ইউনিয়ন সড়ক রক্ষণাবেক্ষণ | ৯.১ | - | - | ৪৩২.৪২৫কিঃ মিঃ পাকা আছে | ১০০কিঃমিঃ মেরামত করা হবে | ৩০০কিঃমিঃ মেরামত করা হবে | ৪৩২.৪২৫ কিঃমিঃ মেরামত করা হবে | |
| | | ৭। গ্রাম সড়ক রক্ষণাবেক্ষণ | ৯.১ | - | - | ১৮৭৪.৮৬কিঃ মিঃ পাকা আছে | ১০০কিঃমিঃ মেরামত করা হবে | ১০০০কিঃমিঃ মেরামত করা হবে | ১৮৭৪.৮৬ কিঃমিঃ মেরামত করা হবে | |
| | | ৮। সড়ক প্রশস্তকরণ | ৯.১ | - | - | ৬২১.৮৬কিঃ মিঃ প্রয়োজন | ১০০কিঃমিঃ প্রশস্ত করা হবে | ৩০০কিঃমিঃ প্রশস্ত করা হবে | ৬২১.৮৬ কিঃমিঃ প্রশস্ত করা হবে | |

## কর্মপরিকল্পনা

| সেক্টর | ভিশন | কার্যক্রম | এসডিজি-২০৩০ ও জাতীয় লক্ষ্যমাত্রার সংশ্লিষ্টতা | | | কর্মপরিকল্পনা | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | এসডিজি লক্ষ্যমাত্রা | জাতীয় লক্ষ্যমাত্রা | | বর্তমান অবস্থা | স্বল্পমেয়াদি ২০১৮-২০২১ | মধ্যমেয়াদি ২০১৮-২০৩০ | দীর্ঘমেয়াদি ২০১৮-২০৪১ | |
| | | ৯। ব্রিজ/কালভার্ট নির্মাণ | ৯.১ | - | - | ৪০০০ মিঃ প্রয়োজন | ১০০০ মিঃ নির্মাণ করা হবে | ২০০০ মিঃ নির্মাণ করা হবে | ৪০০০ মিঃ নির্মাণ করা হবে | |
| | | ১০। ব্রিজ/কালভার্ট মেরামত | ৯.১ | - | - | ৬৩৯২.৮৪মিঃ নির্মাণ করা হয়েছে | ১০০মিঃ মেরামত করা হবে | ২০০০ মিঃ মেরামত করা হবে | ৬৩৯২.৮৪ মিঃ মেরামত করা হবে | |
| | | ১১। হাট/গ্রোথ সেন্টার নির্মাণ | ৯.১ | - | - | ১১ টি প্রয়োজন | ৫ টি নির্মাণ করা হবে | ১১ টি নির্মাণ করা হবে | ---- টি নির্মাণ করা হবে | |
| | | ১২। গ্রামীণ হাট/বাজার নির্মাণ | ৯.১ | - | - | ২৬২ টি প্রয়োজন | ১০ টি নির্মাণ করা হবে | ১৫০ টি নির্মাণ করা হবে | ২৬২ টি নির্মাণ করা হবে | |
| | | ১৩। ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ | ৯.১ | - | - | ৩৬ টি প্রয়োজন | ৫টি নির্মাণ করা হবে | ২০টি নির্মাণ করা হবে | ৩৬ টি নির্মাণ করা হবে | |
| | | ১৪। উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ | ৯.১ | - | - | ৪টি প্রয়োজন | ২ টি নির্মাণ করা হবে | ২ টি নির্মাণ করা হবে | | |
| | | ১৫। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ | ৯.১ | - | - | ১ টি প্রয়োজন | ১ টি নির্মাণ করা হবে | --- টি নির্মাণ করা হবে | | |
| | | ১৬। সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণ/সম্প্রসারণ | ৯.১ | - | - | ৯০০ টি প্রয়োজন | ২০০ টি নির্মাণ করা হবে | ৭০০ টি নির্মাণ করা হবে | ---- টি নির্মাণ করা হবে | |
| | | ১৭। সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন মেরামত | ৯.১ | - | - | ৩০০০ টি প্রয়োজন | ৫০০ টি নির্মাণ করা হবে | ২৫০০টি নির্মাণ করা হবে | ৩০০০ টি নির্মাণ করা হবে | |
| | | ১৮। সামাজিক অবকাঠামো উন্নয়ন | ৯.১ | - | - | ৫০০ টি প্রয়োজন | ১৫০ টি নির্মাণ করা হবে | ৫০০ টি নির্মাণ করা হবে | | |
| | | ১৯। পৌর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ | ৯.১ | - | - | ৫৫ টি প্রয়োজন | ৩০ টি নির্মাণ করা হবে | ৫৫ টি নির্মাণ করা হবে | | |